তারিখ ...04 DEC 2008

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

যায়যায়দিন

# উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ নীতিমালা ৭ ডিসেম্বর কার্যকর হচ্ছে

যাযাদি রিপোর্ট

দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সব ধরনের যৌন নিপীড়ন ও হয়রানি বন্ধ করার লক্ষ্যে সরকার 'উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ নীতিমালা ২০০৮' চূড়ান্ত করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের পর ৭ ডিসেম্বর থেকে এ নীতিমালা কার্যকর হবে। নীতিমালা কার্যকর উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনার উদ্যোগ নিয়েছে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত প্রণীতব্য যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ নীতিমালার খসড়া পর্যালোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান।

সভায় শিক্ষা উপদেষ্টা বলেন, নিকট অতীতে বেশ কিছু ঘটনার পরিপ্রেক্ষিতে মিডিয়ায় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের যৌন হয়রানির বিষয়টি গুরুত্ব পাওয়ায় সরকারের অনুরোধে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এ সম্পর্কিত একটি খসড়া নীতিমালা প্রণয়ন করেছে। ৭ ডিসেম্বরের মধ্যে এটির চূড়ান্ত কপি মন্ত্রণালয়ে পৌঁছবে। তিনি বলেন, সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানে এ নীতিমালার বাস্তবায়ন শিক্ষা ব্যবস্থাকে গতিশীল ও কলুষমুক্ত করবে। মন্ত্রণালয়ের নির্দেশনাসহ এ নীতিমালা শিগগির সব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। প্রণীত নীতিমালার আলোকে প্রতিটি প্রতিষ্ঠান নিজ নিজ প্রতিষ্ঠানের আইনের সঙ্গে সমন্বয় করে নিজস্ব নীতিমালা প্রণয়ন করবে।

সংশিষ্ট মন্ত্রণালয় ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ১৭ বিশেষজ্ঞের এক কমিটি এ খসড়া নীতিমালা প্রণয়ন করেছে। এ নীতিমালায় নীতিমালার উদ্দেশ্য, শিরোনাম, লক্ষ্য, আওতা, যৌন হয়রানির সংজ্ঞা, সচেতনতা ও জনমত গঠন, শাস্তি ইত্যাদি বিষয় বিস্তারিত উল্লেখ করা হয়েছে। এখানে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বলতে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে বোঝাবে। এর আওতাধীন সব প্রতিষ্ঠানে একটি করে যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ কেন্দ্র গঠন করা হবে।